

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৯৬

আগরতলা, ১৬ জুলাই, ২০২৪

খাৰ্চি উৎসবের তৃতীয় দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান

ত্রিপুরার ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসবের আজ ছিল তৃতীয় দিন। খাৰ্চি উৎসব উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং খাৰ্চিমেলনা কমিটির উদ্যোগে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত ভারতী, গান্ধৰ্ব ও নৃত্য কৌশল সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের ভক্তিগীতি ও ভক্তিমূলক নৃত্যের মধ্য দিয়ে কৃষ্ণমালা মঞ্চের সকালে প্রথম পর্বের সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। এর পর এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বিচিত্রানুষ্ঠান পরিবেশন করে। এছাড়া এই মঞ্চে ৫ জন শিল্পী একক সংগীত, সরবেশ দেববর্মা ও তার দল জনজাতি নৃত্য পরিবেশন করেন। দুপুরে এই মঞ্চে পরিবেশিত হয় গৌড়সুন্দর অপেরার পালাকীর্তন। সন্ধ্যায় এই মঞ্চে পরিবেশিত হয় দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের সাংস্কৃতিক অনুষ্ঠান। শিল্পীগণ সমবেত বাদ্য, সমবেত সংগীত ও নৃত্য পরিবেশন করেন। এছাড়া থাপিংলি বীতি জনজাতি লোকসংস্কৃতি সংস্থার শিল্পীগণ সমবেত জনজাতি লোকনৃত্য পরিবেশন করেন। শিল্পীদের মধ্যে ৫ জন একক সংগীতও পরিবেশন করেন। এদিকে বিকালে হাবেলী মুক্তমঞ্চে আয়োজিত শিশু উৎসবে বিভিন্ন শিশু, সাংস্কৃতিক সংস্থার শিশু শিল্পীরা সমবেত বাদ্যযন্ত্র, সমবেত সংগীত, সমবেত নৃত্য, সমবেত আবৃত্তি এবং ৮ জন শিশু শিল্পী একক সংগীত পরিবেশন করে।
